

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭২৪

আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

আগামীকাল শহীদ দিবসে জাতির
জনককে শ্রদ্ধা জানাবেন রাজ্যপাল

আগামীকাল শহীদ দিবস। শহীদ দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামীকাল সকাল ৮টা ১০মিনিটে সার্কিট হাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে এবং সকাল ৮টা ২২মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করবেন। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন (রাজনৈতিক) দপ্তরের পক্ষ থেকে এই তথ্য জানানো হয়েছে।
